

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা
www.totthoapa.gov.bd

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৯৪.১৯- ৭৫৬

তারিখঃ

১৪ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ

২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ উঠান বৈঠক আয়োজন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাদীন “তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি বর্তমানে বাস্তবায়নাদীন রয়েছে। গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তিভিত্তিক সেবাদপ্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন করা এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পটির আওতায় ৪৯০টি উপজেলায় প্রতিষ্ঠিত ৪৯০টি তথ্যকেন্দ্রের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, ব্যবসা, আইনি পরামর্শ এবং জেল্ডার বিষয়ে সুবিধাবঞ্চিত মহিলাদেরকে তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবাদ প্রদান কার্যক্রম চলমান আছে। বর্ণিত সেবাদসমূহ প্রদানের ক্ষেত্রে প্রকল্পটির একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হচ্ছে উঠান বৈঠক। বর্তমানে প্রত্যেক উপজেলায় প্রতিমাসে ৩টি করে উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে যেখানে ৫০ জন উদ্যোগী মনোভাবাপন্ন গ্রামীণ মহিলাকে বিভিন্ন সামাজিক সমস্যা সম্পর্কে সচেতন করা, সরকারি সেবাদসমূহ প্রাপ্তিতে সহায়তা করা, বাল্যবিবাহ, ফতোয়া, নারী নির্যাতন সম্পর্কিত বিষয়ে মুক্ত আলোচনার মাধ্যমে সহায়তা প্রদান করা হচ্ছে।

ইতোমধ্যে তৃণমূল নারীদের পক্ষ থেকে উঠান বৈঠকে আরো অধিক সংখ্যক নারীকে সেবার আওতায় আনার বিষয়ে অনুরোধ করা হয়েছে। সে প্রেক্ষাপটে প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রতি মাসে ০২টি করে উঠান বৈঠক আয়োজন করে প্রতিটিতে ১০০ জন নারীকে সেবাদ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এমতাবস্থায়, মার্চ ২০২০ খ্রিঃ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রতিটি তথ্যকেন্দ্রে প্রতি মাসে ০২টি করে উঠান বৈঠকের আয়োজন করা এবং প্রতিটি উঠান বৈঠকে ১০০ জন নারীকে সেবাদ প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য যে, বর্তমান নির্দেশনার আলোকে উঠান বৈঠক আয়োজনের জন্য প্রয়োজনীয় বরাদ্দ এবং ব্যয় বিভাজন অবিলম্বে প্রেরণ করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে ফর্দ।

তথ্যসেবাদ কর্মকর্তা (সকল জেলা সদর)

 ২৭-০২-২০২০
(মীনা পারভীন)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮৩৩২১৩৬

ই-মেইল: pd@totthoapa.gov.bd

অনুলিপি (কার্যার্থে):

০১। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।

০২। চেয়ারম্যান, উপজেলা শাখা, জাতীয় মহিলা সংস্থা (সংশ্লিষ্ট উপজেলা)।

০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়), ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

০৪। তথ্যসেবাদ কর্মকর্তা/ দায়িত্বপ্রাপ্ত তথ্যসেবাদ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা), তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।

০৫। অফিস কপি।